

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd



২৮ ফাল্গুন ১৪২৬

তারিখ: ১২ মার্চ ২০২০

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০০৫.২০২০. ৩৫৬

বিষয়ঃ আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ অনুষ্ঠেয় মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠানসহ বর্ষব্যাপী কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত।

- সূত্র: (১) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং- ৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.১৯-২১৪, তারিখ: ০২ মার্চ ২০১৯
(২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং- ৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.২০-১৭৬, তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২০

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ উদ্বোধনী অনুষ্ঠানসহ ১৭ মার্চ ২০২০ তারিখ হতে ২৬ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত সময়কালকে মুজিববর্ষ হিসেবে ঘোষণা করে বর্ষব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

২। এ উপলক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।

- (ক) মুজিববর্ষ উদ্‌যাপনের জন্য কর্তৃপক্ষের গৃহীত ৫টি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে।
(খ) সকল বীমাকারী/স্টেকহোল্ডারদের মুজিববর্ষ উদ্‌যাপনের জন্য কেন্দ্রীয় কিমিটির নির্দেশনা মোতাবেক নির্দেশনা প্রদান করতে হবে।
(গ) আগামী ১৭ মার্চ ২০২০ তারিখ সকাল ১১:০০ টায় 'স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক সংগ্রাম' বিষয়ক এক আলোচনা সভা ও বিশেষ মনোজ্ঞাতের আয়োজন করা হবে। এ উপলক্ষ্যে একটি ব্যাকড্রপ ব্যানার তৈরি করতে হবে।
(ঘ) কর্তৃপক্ষ কর্তৃক ইতোমধ্যে কর্তৃপক্ষের ভবনে একটি ড্রপডাউন ব্যানার স্থাপন করা হয়েছে। তৎসঙ্গে আরও একটি ব্যাকড্রপ ব্যানার স্থাপন করতে হবে।
(ঙ) মুজিববর্ষ উদ্‌যাপনের জন্য নিম্নোক্ত স্লোগানটি সকল ক্ষেত্রে বিশেষত ব্যানার/ফেস্টুন/বিবিধ প্রকাশনা/পত্র/ওয়েবসাইটসহ বিবিধ প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহার করতে হবে।
“মুজিববর্ষের প্রতিশ্রুতি
বীমা খাতের অগ্রগতি”
(চ) জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত কেন্দ্রীয় অনুষ্ঠানে দেখানো হবে। পরবর্তীতে জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত এর বহুল প্রচারসহ ব্যবহার করতে হবে এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটে তা আপলোড করতে হবে।
(ছ) আগামী ১৬ মার্চ ২০২০ তারিখ হতে ১৮ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত কমপক্ষে ৩দিন পর্যন্ত কর্তৃপক্ষের ভবনে আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(জ) এছাড়া বিকাল ৪:০০ ঘটিকা থেকে কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠান আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারের মাধ্যমে অনুষ্ঠানের সাথে সকলকে সরাসরি যুক্ত থাকতে হবে।

(ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ)
সদস্য (প্রশাসন)

বিতরণ:

- ১। নির্বাহী পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ইন্স্যুরেন্স সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট;
- ৩। পরিচালক (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৪। কর্মকর্তা/কর্মচারী (সকল), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণের জন্য), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৩। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- ৪। অফিস কপি।